

**চারুকলা ইনস্টিটিউটের
৫০ বছর পূর্তি উৎসব
১২ই মার্চ শুরু**

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউটের ৫০ বছর পূর্তি উৎসব আগামী ১২ই মার্চ থেকে শুরু হচ্ছে। প্রায় ২ মাসব্যাপী এই উৎসবের মধ্যে রয়েছে বিশিষ্ট শিল্পীদের সম্মাননা প্রদান, বিষয়ভিত্তিক সেমিনার, বিষয়ভিত্তিক শিল্পকর্মের প্রদর্শনী, সাংস্কৃতিক অনুষ্ঠান প্রভৃতি।

গতকাল মঙ্গলবার এ উপলক্ষে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সম্মেলনে উপস্থিত ছিলেন উৎসব উদযাপন কমিটির আহ্বায়ক মাহমুদুল হক, সদস্য মতলুব আলী, আবদুল বারক আলভী, মোহাম্মদ ইউনুস, নাসরিন বেগম প্রমুখ।



বাংলাদেশের চারুশিল্পীদের মর্যাদাশীল শিক্ষা প্রতিষ্ঠান এককালের ঢাকা আর্ট কলেজ এখন চারুকলা ইনস্টিটিউট দেখতে দেখতে চলার পথের ৫০টি বছর পেরিয়ে এসেছে। গৌরবোজ্জ্বল সুবর্ণ জয়ন্তী উপলক্ষে ব্যাপক অনুষ্ঠানমালা শুরু হয়েছে গত ১লা মার্চ থেকে। চলবে সারাবছর ধরে। 'অনুষ্ঠানমালায় থাকবে, পুনর্মিলনী, আলোচনা, সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রদর্শনী ইত্যাদি। রজত জয়ন্তীর আনন্দঘন অনুষ্ঠানমালার অংশ হিসেবে পুরো চারুকলা ইনস্টিটিউটকে মনোরম করে সাজানো হয়েছে। ইনস্টিটিউটের সীমানা প্রাচীর গাত্রের হাত্রেছাত্রীরা এঁকেছেন আমাদের লোকজ ঐতিহ্যের নানান চিত্র। তারই কিছু দৃশ্য ক্যামেরায় ধরেছেন সংবাদ-এর আলোকচিত্রী শওকত জামিল।